

## ভূমির পোড়ারুটি আর ডাল

শীর্ণমেহ করুণ চেহারা কয়েকটি শিশু-কিশোর গত বৃহস্পতিবার সংবাদপত্র অফিসগুলোতে এসেছিল কিছু অভিযোগ জানাতে। সবাই জানিয়েছে ওরা দেশের বৃহত্তম অনাথ-নিবাস সলিমুল্লাহ এতিমখানায় আশ্রিত। আটার তৈরি নয়, কাঠের গুড়ো মেশানো ভূমির পোড়া রুটি তার দেখা মাত্র বমি আসে এমন ডাল তারা সংবাদকর্মীদের দোঁখিয়ে জানিয়েছে, ঐ ডালরুটিই তাদের খেতে হয় দিনের পর দিন।

কিন্তু শুধু আহাযের প্রশ্নেই নয়, বস্ত্র, অধ্যয়ন ও অন্যান্য ব্যাপারেও তারা নাকি চরম অবহেলা আর গল্পনার শিকার। এতিমখানায় চিকিৎসক আরও, ওষুধের ব্যবস্থাও আছে; কিন্তু ওরা অসুস্থ হলেও তাদের ডাক দেওয়া জোটে না। অথচ প্রতিবাদ করলে নাকি ওদের মার খেতে হয়, হুমকি আসে তাড়িয়ে দেবার। এমন ধরনের অনেক অভিযোগই তারা জানিয়েছে।

সংবাদপত্রে আগত শিশু-কিশোরদের প্রদত্ত বর্ণনার গোটা এতিমখানার অবস্থা আর বস্ত্রের এক করুণ ছবি ফুটে উঠেছে। সেখানে এতিম শিশুদের প্রতি ব্যবহারের যে নমুনা ওদের অভিযোগে পাওয়া যাচ্ছে তা শুধু গভীর দুঃখজনকই নয়, অব্যাহতও বটে। এতিমখানায় ভেঙে সেই শিশুরাই আশ্রয় নেয় ফরা, মাতৃহীন, পিতৃহীন; যার পরমতরুণদের স্নেহচক্ষুরা থেকে বিপ্লিত ভাগ্যহত। শিশু জীবনের কার্যকর স্নেহমজা সেখানে প্রত্যাশিত না হলেও অনন্যায়ন বস্ত্রের অধিকার তাদের নিশ্চয়ই আছে। অথচ জীবনধারণের সেই ন্যূনতম অধিকার থেকেও তারা বঞ্চিত হচ্ছে। এই চিরই ফুটে উঠেছে তাদের অভিযোগে।

আমাদের স্পষ্ট দাবী: অবিলম্বে তাদের অভিযোগ সম্পর্কে উচ্চতর পর্যায়ে তদন্ত করতে হবে। মারা অনাথ শিশুদেরকে মৃত্যুর গায়ে থেকে মুক্তি করতে হবে তাদের দিতে হবে দৃষ্টান্তমূলক শাস্তি। এতিমখানার শিশুদের করুণ অবস্থার অবসান ঘটাতে হবে অবিলম্বে।

আমাদের কাছে দেশের অন্যান্য এতিমখানা সম্পর্কেও ঐ ধরনের অভিযোগ এসে পৌঁছে। সে সমস্ত ক্ষেত্রেও আমাদের সুপারিশ অভিনন্দন। আমরা তদন্ত চাই; অপরাধীদের শাস্তি চাই। তদন্ত অনুরোধের ব্যাপারে আমাদের বক্তব্য এই যে প্রায়ই প্রত্যেকটি এতিমখানার অভ্যন্তরে তদন্ত করতে হবে এবং সেই তদন্ত হবে আকস্মিক। এছাড়া এতিমখানাগুলোর অব্যবস্থা দূর করা যাব না; সেখানের শিশুদের দুর্গতি মোচন হবে না। সুতরাং এতিমদের কল্যাণের জন্যেই প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া দরকার।